66

02

দৈনিক ইত্তেফাক

তারিখ ..0 8. APR .1993
পৃষ্ঠা ... ১ ... কলাম ... ৬ ...

42

# ভর্তি সমস্যা

## চারটি বিশ্ববিদ্যালয়ে ৯ হাজার আসনের জন্য আবেদনপত্র ১ লক্ষ ২১ হাজার

জুলফিকার হায়দার ॥ বিশ্ববিদ্যালয়সমূহে ভর্তি সমস্যা প্রকট আকার ধারণ করিয়াছে। বিশ্ববিদ্যালয়ের যে-কোন একটি বিষয়ে ভর্তি হওয়া যেন 'মায়া হরিণের' সাক্ষাৎ পাওয়া। ঢাকা, রাজশাহী, চট্টগ্রাম ও জাহাঙ্গীরনগর—দেশের এই ৪টি জেনারেল বিশ্ববিদ্যালয়ের ১৯৯২-৯৩ শিক্ষাবর্ষের ১ম পর্ব সম্মান শ্রেণীর ৯ হাজার ২৯৩টি আসনের জন্য আবেদনপত্র জমা পড়িয়াছে ১ লক্ষ ২১ হাজার ২৫৫টি। জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে ৬৭৬টি আসনের জন্য ২৮ হাজার ২৬২, ঢাকা বিশ্ববিদ্যালয়ে ৩ হাজার ৭২৭টি আসনের জন্য ৪৬ হাজার ৯০৭, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে (নূতন আইন বিভাগে ১৫০টি আসনের জন্য (১০ম পৃঃ দ্রঃ)

### চারটি বিশ্ববিদ্যালয়ে

(১ম পৃঃ পর)

৩ হাজারসহ ১৮০০ আসনের জন্য ১৬ হাজার ১৫০ এবং রাজশাহী বিশ্ববিদ্যালয়ে ৩ হাজার ৯০টি আসনের জন্য ২৯ হাজার ৯৩৬টি আবেদনপত্র জমা পড়িয়াছে।

রাজশাহী বিশ্ববিদ্যালয়ে আইন বিভাগের ১শত আসনের জন্য আবেদন করিয়াছে ৩ হাজার ৭৩০ জন। বর্তমান শিক্ষাবর্ষে গ্রন্থাগার ও তথ্যবিজ্ঞান এবং লোকপ্রশাসন বিভাগ চালু হইবে। রাজশাহী বিশ্ববিদ্যালয়ে ভর্তি পরীক্ষার প্রাক্কালে বন্দুকযুদ্ধে ৫ জন ছাত্রের প্রাণহানির ঘটনার প্রেক্ষিতে বিপুল সংখ্যক ছাত্র-ছাত্রী জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে ভর্তি পরীক্ষার আবেদনপত্র সংগ্রহ করে।

গত ৫ই এপ্রিল ভর্তির ফরম সংগ্রহের শেষ দিনে ২৮ হাজার ২৬২টি আবেদনপত্র বিক্রি হয়। আবাসিক মর্যাদার জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে হলসমূহের সিটের হিসাবে ১৯৯২-৯৩ শিক্ষা বছরে ১ম বর্ষে আসন সংখ্যা ধরা হইয়াছে ৬৭৬। ইহার মধ্যে ছাত্রদের জন্য ৫৯০ এবং ছাত্রীদের জন্য ৮৬টি আসন ধরা হইয়াছে।

গত সোমবার বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ ৩নং মহিলা হলের কাজ শুরুর অনুমতি দিয়াছেন। একটি সূত্র জানায়, জটিলতা সৃষ্টি না হইলে আগামী ৬ মাসের মধ্যে হলের অর্ধেক কাজ শেষ করা সম্ভব। গত সোমবার 'মুক্তমঞ্চে' আলাপকালে ভিসি প্রফেসর কাজী সালেহ আহমদ জানান, নির্মাণাধীন মহিলা হলের এক তলায় আবাসনের ব্যবস্থা করিয়া অতিরিক্ত একশত ছাত্রীকে ভর্তি করার পরিকল্পনা কর্তৃপক্ষের বিবেচনাধীন রহিয়াছে। গত মঙ্গলবার ভর্তি কমিটির এক সভায় ২৪, ২৫, ২৬, ও ২৭শে এপ্রিল যথাক্রমে ঘ, ক, গ ও খ ইউনিটের ভর্তি পরীক্ষা অনুষ্ঠানের সিদ্ধান্ত নেওয়া হয়।